

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
রাজশাহী
www.deo.rajshahi.gov.bd

স্মারক নং: জেশিঅ/রাজ/

তারিখ:

বিষয়: তীব্র তাপদাহের কারণে রাজশাহী জেলার সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও সমমানের মাদ্রাসার পাঠদান সময়সূচি নির্ধারণ প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়, শাখা-১২, বাংলাদেশ, ঢাকার অফিস স্মারক নং-শিম/শা:১২/ক্লাস সময়-৪/২০০৭/১১৮
তারিখ: ১৯.০৪.২০০৯ খ্রি. এবং
জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের ২৬.০৪.২০২৬ খ্রি. তারিখের মৌখিক নির্দেশনা মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সবিনয়ে জানানো যাচ্ছে যে, তীব্র তাপদাহের কারণে স্থানীয় পর্যায়ে উপরোক্ত বিষয়টি বিবেচনায় নিয়ে প্রতিষ্ঠান প্রধানদের আবেদনের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এবং জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের নির্দেশনা মোতাবেক বিষয়ে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের জন্য ন্যূনতম ০৬ (ছয়) পাঠদান ঘন্টা নির্ধারণপূর্বক সকাল ১০.০০ টার মধ্যে ক্লাস শুরু করা যেতে পারে। উদাহরণস্বরূপ বলা যেতে পারে, একক শিফট শিক্ষা প্রতিষ্ঠানে সকাল ৮.০০ টায় পাঠদান কার্যক্রম শুরু করে দুপুর ২.০০ টায় পাঠদান কার্যক্রম শেষ করতে হবে। ডাবল শিফট শিক্ষা প্রতিষ্ঠানে প্রভাতী শিফটের ক্লাসসমূহ অবশ্যই সকাল ৮.০০ টার মধ্যে আরম্ভ করতে হবে। উল্লেখ্য যে, প্রতি শিফটে ন্যূনতম ০৫ (পাঁচ) পাঠদান ঘন্টা নির্ধারণপূর্বক পাঠদান কার্যক্রম নিশ্চিত করতে হবে। এটি সাময়িক ব্যবস্থা হিসেবে বিবেচিত হবে। পরিচালনা কমিটি কর্তৃক নির্ধারিত সময়সূচি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা শিক্ষা অফিসার-কে অবহিত করবেন।

সংযুক্তি: শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন ০১ প্রস্থ।

প্রাপক:

সভাপতি
ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/এডহক কমিটি

সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক
বিদ্যালয় ও সমমানের মাদ্রাসা (সকল), রাজশাহী।

স্বাক্ষরিত/-

২৬.০৪.২০২৬

(মো: জায়েদুর রহমান)

জেলা শিক্ষা অফিসার

রাজশাহী

ফোন: ০২৫৮৮৮৫৬২৫৩

ইমেইল: deorajshahi@yahoo.com

স্মারক নং- জেশিঅ/রাজ/ ৫০৭

তারিখ: ২৬.০৪.২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। জেলা প্রশাসক, রাজশাহী
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী
- ৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,

সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও সমমানের মাদ্রাসা (সকল), রাজশাহী।

- ৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘা/বাগমারা/চারঘাট/দুর্গাপুর/গোদাগাড়ী/মোহনপুর/পবা/পুঠিয়া/তানোর/বোয়ালিয়া/মতিহার, রাজশাহী।
(সকল প্রতিষ্ঠানের সভাপতি ও প্রতিষ্ঠান প্রধানদের অবহিতকরণের অনুরোধসহ)।

- ৯। অফিস নথি।

(মো: জায়েদুর রহমান)

জেলা শিক্ষা অফিসার

রাজশাহী

ফোন: ০২৫৮৮৮৫৬২৫৩

ইমেইল: deorajshahi@yahoo.com